পাঠ ৭ シュークリームはありますか
শুউকুরিইমু ওয়া আরিমাস্ কা?

アンナ	ケーキがいっぱいありますね。	কেক প্রচুর রয়েছে, তাই না!
আন্না	কেয়েকি গা ইপ্পাই আরিমাস্ নে।	
さくら	すみません、シュークリームはありますか。	এই যে শুনুন,
সাকুরা	সুমিমাসেন, শুউকুরিইমু ওয়া আরিমাস্ কা?	আপনাদের কাছে ক্রিম পাফ আছে?
店員(てんいん)	はい、こちらです。	হ্যাঁ, এদিকে।
দোকানকর্মী	হাই, কোচিরা দেস্।	
さくら	シュークリームを2(ふた)つください。	দুটি ক্রিম পাফ দিন, প্লিজ।
সাকুরা	শুউকুরিইমু ও ফুতাৎসু কুদাসাই।	

ব্যাকরণের টিপস্

① _ গা আরিমাস্ (_ আছে/রয়েছে)

◈ গা শব্দটি হচ্ছে কর্তা নির্দেশক পার্টিকেল। এটি যে বিশেষ্য পদের পরে বসে, সেটিই বাক্যের কর্তা।
বাক্যালাপে কোন ব্যক্তি বা বস্তুর নাম প্রথম বার উল্লেখ করার সময় অবধারিতভাবে এর পর গা ব্যবহার করা হয়।

◈ আরিমাস্ একটি ক্রিয়াপদ, যার অর্থ "আছে বা রয়েছে।"
যেমন) কেয়েকি গা আরিমাস্। (কেক রয়েছে)

② -ৎসু : কেক জাতীয় জিনিসের জন্য গণনাবাচক পদ ☞ *গণনাবাচক পদ :দেখুন পৃষ্ঠা 53*

◈ এক থেকে দশ পর্যন্ত জাপানি সংখ্যার পরে গণনাবাচক পদ -ৎসু যুক্ত হলে সংখ্যাগুলোর উচ্চারণ বদলে যায়।

১	২	৩
হিতোৎসু	ফুতাৎসু	মিৎসু

ধ্বন্যাত্মক শব্দ

এই শব্দটি গোগ্রাসে খাওয়ার ভঙ্গি বোঝায়। (গপাগপ খাওয়া)

এটি দিয়ে মুখ বন্ধ করে চিবিয়ে খাওয়ার ভঙ্গি বোঝানো হয়।